# ঢাকা বিশ্ববিদ্যালয়

# কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি-নির্দেশিকা

| | |
|---|---|
| **পরীক্ষার তারিখ** | **০৬ মে ২০২৩, শনিবার** |
| **আবেদনের সময়সীমা** | **২৭ ফেব্রুয়ারি ২০২৩ থেকে ২০ মার্চ ২০২৩** |
| **পরীক্ষার সময়** | **সকাল ১১:০০ টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত** |
| **পরীক্ষার ব্যাপ্তি** | **১ ঘণ্টা ৩০ মিনিট** |
| **পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ** | **১৮/০৪/২০২৩ হতে ০৬/০৫/২০২৩ তারিখ সকাল ১০.০০টা পর্যন্ত** |
| **পরীক্ষাকেন্দ্রে প্রবেশের সর্বশেষ সময়** | **সকাল ১০:৩০ মিনিট** |

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে' ভর্তির জন্য আবেদনপত্র জমাদান, পে-স্লিপ সংগ্রহ, ফিস জমাদানের রসিদ, প্রবেশপত্র সংগ্রহ ইত্যাদিসহ ভর্তির যাবতীয় প্রাথমিক কাজ **অনলাইনে** সম্পন্ন হবে।

### প্রার্থীর প্রাথমিক যোগ্যতা

- যারা ২০১৭ সাল কিংবা পরবর্তী সালের মাধ্যমিক/সমমান এবং ২০২২ সালের উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের মানবিক শাখা, মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাধারণ শাখায় আলিম, উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডর বিজ্ঞান শাখা (বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা) ব্যবসায় শিক্ষা শাখার (ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট) ও IGCSE/O Level এবং IAL/GCE/ A Level পরীক্ষায় উত্তীর্ণ তারা কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ক. **মানবিক শাখা :** মানবিক শাখা (মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ) থেকে আগত ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (৪র্থ বিষয়সহ) পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৭.৫০ হতে হবে। তবে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

খ. **বিজ্ঞান শাখা :** বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষাবোর্ডের বিজ্ঞান শাখা থেকে আগত ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (৪র্থ বিষয়সহ) পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৮.০০ হতে হবে। তবে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।

গ. **ব্যবসায় শিক্ষা শাখা :** ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-



এর যোগফল ন্যূনতম ৭.৫০ হতে হবে। তবে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

ঘ. **O Level এবং A Level :** ২০১৭ কিংবা পরবর্তী সালের **IGCSE / O Level** পরীক্ষায় অন্তত ৫ টি বিষয়ে এবং ২০২২ সালের IAL / GCE / A Level পরীক্ষার প্রকাশিত ফলে অন্তত ২ টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। O Level-এর এবং A Level-এর মোট ৭ টি বিষয়ের মধ্যে অন্তত ৪ টি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড এবং ৩ টি বিষয়ে আবেদনকারীকে ন্যূনতম 'সি' গ্রেড প্রাপ্ত হতে হবে ; এই ৭ টি বিষয়ের কোনোটিতেই 'ডি' গ্রেড থাকতে পারবে না।

O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট নিম্নরূপ হবে:

A= 5.0 B= 4.0 C= 3.5

- বিদেশে প্রাপ্ত ডিপ্লোমা বা সার্টিফিকেট-এর সমতা অনুষদ কর্তৃক নিরূপিত হলে এবং ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত পূরণ করলে সংশ্লিষ্ট প্রার্থীগণ ভর্তি-পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- A Level / সমমান, O Level / সমমান বিদেশি পাঠ্যক্রম হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য https://admission.eis.du.ac.bd ওয়েব সাইটে গিয়ে "সমমান আবেদন" বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে অন্যান্য শিক্ষার্থীর মতো তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি-পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

সকল শাখার প্রার্থীদেরকে বিভাগ / ইনস্টিটিউট নির্ধারিত (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বর / গ্রেডের শর্তও পূরণ করতে হবে।

### অনলাইনে ভর্তির ফরম পূরণ

- ভর্তির আবেদন https://admission.eis.du.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে করা যাবে। ভর্তি পরীক্ষা আট (৮) টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। প্রার্থী আবেদনের সময়ে অনলাইনে যে বিভাগে পরীক্ষা দিতে ইচ্ছুক ঐ বিভাগের অপশন সিলেক্ট করবে।
- ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর মাধ্যমিক / সমমান এবং উচ্চ মাধ্যমিক / সমমানের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, মাতা / পিতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), কোটা বিষয়ক তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) এবং স্ক্যান করা একটি ছবির প্রয়োজন হবে। ভর্তির আবেদন ফি তাৎক্ষণিকভাবে অনলাইনে বা চারটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকে (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) নির্ধারিত সময়সীমার মধ্যে জমা প্রদান করা যাবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।
- **আবেদনপত্র সংশোধনের (বিশেষ ক্ষেত্রে) সময়সীমা ২৭-০৩-২০২৩ তারিখ ।**

## কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটভুক্ত বিভাগসমূহ

**কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের মাধ্যমে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার ছাত্র-ছাত্রীরা নিম্নলিখিত বিভাগগুলোতে ভর্তির জন্য আবেদন করতে পারবে এবং যোগ্যতা থাকা সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক আসনে ভর্তি হতে পারবে।**

১) **কলা অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ :** ১. বাংলা ২. ইংরেজি ৩. আরবি ৪. ফারসি ভাষা ও সাহিত্য ৫. উর্দু ৬. সংস্কৃত ৭. পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ ৮. ইতিহাস ৯. দর্শন ১০. ইসলামিক স্টাডিজ ১১. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১২. তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা ১৩. থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ ১৪. ভাষাবিজ্ঞান ১৫. সংগীত ১৬. বিশ্ব ধর্ম ও সংস্কৃতি ১৭. নৃত্যকলা।

২) **সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ :** ১. অর্থনীতি ২. রাষ্ট্রবিজ্ঞান ৩. আন্তর্জাতিক সম্পর্ক ৪. সমাজবিজ্ঞান ৫. গণযোগাযোগ ও সাংবাদিকতা ৬. লোক প্রশাসন ৭. নৃবিজ্ঞান ৮. পপুলেশন সায়েন্সেস ৯. শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন ১০. উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ ১১. উন্নয়ন অধ্যয়ন ১২. টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি ১৩. ক্রিমিনোলজি ১৪. কমিউনিকেশন ডিজঅর্ডারস (যোগাযোগ বৈকল্য) ১৫. প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ ১৬. জাপানিজ স্টাডিজ।

৩) **আইন অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ :** আইন।

৪) **সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট :** সমাজকল্যাণ।

৫) **স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট :** স্বাস্থ্য অর্থনীতি।

৬) **শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট :** শিক্ষা (বি.এড.)।

৭) **ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ :** ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ।

৮) **আধুনিক ভাষা ইনস্টিটিউট :**

a) BA Honours in English for Speakers of Other Languages (ESOL)
b) BA Honours in French Language and Culture (FLC)
c) BA Honours in Chinese Language and Culture (CLC)
d) BA Honours in Japanese Language and Culture (JLC)

## কোটায় ভর্তিচ্ছু প্রার্থীর করণীয়

- ওয়ার্ড, উপজাতি / ক্ষুদ্র-নৃগোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, শ্রবণ, বাক্, শারীরিক ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস, হরিজন ও দলিত সম্প্রদায়, বীরমুক্তিযোদ্ধার সন্তান / নাতি-নাতনি/ ট্রান্সজেন্ডার / হিজড়া সম্প্রদায় এবং খেলোয়াড় কোটার মাধ্যমে ভর্তিচ্ছু প্রার্থীদের অনলাইনে কোটার নির্দিষ্ট ঘরে ক্লিক করতে হবে। ভর্তি-পরীক্ষায় কৃতকার্য হলে, প্রার্থী অনলাইনে যে কোটার ঘর পূরণ করেছে তাকে সে কোটার **যোগ্যতার প্রমাণপত্র** ও ভর্তি-পরীক্ষার প্রবেশপত্র দেখিয়ে নির্ধারিত ফরম কলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে অবশ্যই ফল প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে উক্ত অফিসে জমা দিতে হবে। ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ / ইনস্টিটিউট / অফিসের চেয়ারম্যান / পরিচালক / অফিস প্রধানের প্রত্যয়নপত্র; বীরমুক্তিযোদ্ধার সন্তান / নাতি-নাতনি কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্র ; এবং উপজাতি / ক্ষুদ্র-নৃগোষ্ঠী কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি / ক্ষুদ্র-নৃগোষ্ঠীর প্রধান / জেলা প্রশাসকের সনদপত্র জমা দিতে হবে। যাদের মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয়





কর্তৃক ইস্যুকৃত সনদ নেই, কিন্তু যারা সনদের জন্য আবেদন করেছে, তাদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তবে ভর্তির জন্য চূড়ান্ত নির্বাচনের পূর্বে অবশ্যই মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ জমা দিতে হবে। বীরমুক্তিযোদ্ধার সন্তান / নাতি-নাতনি কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের মুক্তিযোদ্ধা সনদের প্রামাণিকতা মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয় থেকে যাচাই করা হবে।

দৃষ্টি, শ্রবণ, বাক্, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারভুক্ত প্রতিবন্ধী প্রার্থীদের যথাযথতার সনদপত্র এবং হরিজন ও দলিত সম্প্রদায়ের প্রার্থীদের ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায়ের সংগঠন-প্রধানের সনদপত্র কলা অনুষদের ডিন অফিসে জমা দিতে হবে।
**শুধু বিকেএসপি** হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা খেলোয়াড় কোটায় আবেদন করতে পারবে।
ট্রান্সজেন্ডার / হিজড়া সম্প্রদায়ভুক্ত প্রার্থীদেরকেও নির্ভরযোগ্য সনদ উপস্থাপন করতে হবে।

- **অনলাইনে কোটার নির্দিষ্ট ঘরে সংশ্লিষ্ট কোনো আবেদনকারী ক্লিক না করলে পরবর্তীকালে কোনো অবস্থাতেই কোটার জন্য বিবেচিত হবে না।**

## ভর্তি-পরীক্ষা ও ভর্তিচ্ছুদের করণীয়

- ভর্তি পরীক্ষা **০৬ মে ২০২৩ শনিবার সকাল ১১:০০ টা থেকে ১২:৩০ মিনিট** পর্যন্ত **(১ ঘণ্টা ৩০ মিনিট** ব্যাপী) অনুষ্ঠিত হবে।
- **পরীক্ষার আসন বিন্যাস প্রার্থীর রোল নম্বর অথবা ফরমের সিরিয়াল নম্বর অনুসারে হবে। আসন বিন্যাস কলা অনুষদ ডিন অফিস ও ওয়েবসাইট থেকে জানা যাবে।**
- ভর্তি-পরীক্ষা MCQ (Multiple Choice Question) ও লিখিত উভয় পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। মোট ১ ঘণ্টা ৩০ মিনিটের পরীক্ষার MCQ অংশ ৪৫ মিনিট ব্যাপী এবং লিখিত অংশ ৪৫ মিনিট ব্যাপী অনুষ্ঠিত হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে। ভর্তি-পরীক্ষায় কোনো প্রকার Calculator বা ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না।
- ভর্তি-পরীক্ষায় (MCQ ও লিখিত) প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক / সমমান ও উচ্চ মাধ্যমিক / সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বর / গ্রেড-এর ভিত্তিতে চূড়ান্ত মেধাস্কোর নির্ধারিত হবে।
- ভর্তি-পরীক্ষায় MCQ অংশে মোট ৬০ টি প্রশ্নে ৬০ নম্বর থাকবে (৬০ × ১) এবং লিখিত পরীক্ষার জন্য ৪০ নম্বর বরাদ্দ থাকবে।
- পরীক্ষার উদ্দেশ্য হবে উচ্চ মাধ্যমিক / সমমান পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা। উচ্চ মাধ্যমিক / সমমান পর্যায়ের অনুসৃত পাঠক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

**ভর্তি-পরীক্ষার MCQ অংশের (সময় : ৪৫ মিনিট) ৬০ নম্বরের বণ্টন নিম্নরূপ :**

| | প্রশ্ন সংখ্যা | নম্বর |
|---|---|---|
| বাংলা / Elective English* | ১৫টি | ১৫×১ = ১৫ |
| General English | ১৫টি | ১৫×১ = ১৫ |
| সাধারণ জ্ঞান | ৩০টি | ৩০×১ = ৩০ |
| | মোট প্রশ্ন = ৬০টি | মোট নম্বর = ৬০ |

* যারা জিসিই / 'এ' লেভেল পাশ করেছে কেবল তারাই Elective English অংশের উত্তর দিবে।

**ভর্তি-পরীক্ষায় লিখিত অংশে (সময় : ৪৫ মিনিট) ৪০ নম্বরের বণ্টন নিম্নরূপ:**

| | নম্বর |
|---|---|
| **বাংলা / Elective English*** | ২০ |
| **General English** | ২০ |
| | মোট = ৪০ |

* যারা GCE / A Level পাশ করেছে কেবল তারাই Elective English অংশের উত্তর দিবে।

- ভর্তি-পরীক্ষার MCQ অংশের এবং লিখিত অংশের বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্ন জাতীয় পাঠ্যপুস্তক বোর্ড নির্ধারিত শিক্ষাক্রমের আলোকে ২০২২ সালের অনুসৃত পাঠ্যসূচি অনুসারে প্রণীত হবে। লিখিত পরীক্ষার বাংলা অংশে পাঠ্যসূচিভুক্ত একটি পাঠের মূলভাব লিখন, কবিতার উদ্ধৃতি ব্যাখ্যা, উদ্ধৃত সংলাপ ব্যাখ্যা (গদ্য, উপন্যাস ও নাটক-ভিত্তিক), লেখক / কবি পরিচিতি, মিলকরণ (গদ্য, কবিতা ও ব্যাকরণভিত্তিক), সারাংশ / সারমর্ম লিখন, বানান শুদ্ধি ও প্রমিতকরণ, সংক্ষিপ্ত অনুচ্ছেদ লিখন, ব্যাকরণ-সম্পর্কিত বিষয়াবলি (সংজ্ঞার্থ ও দৃষ্টান্ত) এবং অনুবাদ অধিক গুরুত্ব পাবে। অপরদিকে, লিখিত পরীক্ষার General English অংশে Comprehension, Short paragraph, Explanation (Explain with the reference to the context), Rearranging, Translation, Punctuation, Gap filling with & without clues, Sentence making, Changing and Transformation of sentences অধিক গুরুত্ব পাবে।

  MCQ অংশের সাধারণ জ্ঞান সংশ্লিষ্ট প্রশ্ন বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি এবং মাধ্যমিক / সমমান ও উচ্চ মাধ্যমিক / সমমান পর্যায়ে পঠিত পৌরনীতি ও সুশাসন, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূগোল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রভৃতি বিষয়ের আলোকে হবে।
- যারা মাতৃভাষা হিসেবে বাংলা পড়েনি কেবল তারাই বাংলার পরিবর্তে Elective English-এর উত্তর দেবে এবং OMR শিটের নির্ধারিত স্থানে Elective English-এর বৃত্ত পূরণ করবে। Elective English-এর MCQ অংশের এবং লিখিত অংশের প্রশ্ন প্রণয়নে প্রচলিত রীতি অনুসরণ করা হবে।
- উত্তরপত্রের উপরিভাগে প্রার্থীর নাম, মাতার নাম ও পিতার নাম ইংরেজিতে যেভাবে ভর্তি-পরীক্ষার প্রবেশপত্রে আছে ঠিক সেভাবে লিখতে হবে।
- পরীক্ষায় OMR পদ্ধতির (একটি শিট) উত্তরপত্র এবং লিখিত পরীক্ষার উত্তরপত্র বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে। অতিরিক্ত কোনো শিট দেওয়া হবে না এবং সরবরাহকৃত উত্তরপত্রেই প্রশ্নের উত্তর প্রদান করতে হবে।
- **ভর্তি-পরীক্ষার ১০০ নম্বরের মধ্যে পাস নম্বর ৪০। প্রার্থী ৪০ নম্বর না পেলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। একইসঙ্গে ভর্তি-পরীক্ষায়** পরীক্ষার্থী MCQ অংশে উত্তীর্ণ হতে হলে বাংলায় ন্যূনতম ০৫ নম্বর, General English-এ ন্যূনতম ০৫ নম্বর, সাধারণ জ্ঞানে ন্যূনতম ১০ নম্বর এবং কমপক্ষে সর্বমোট ২৪ নম্বর পেতে হবে। A Level সংশ্লিষ্টদের ক্ষেত্রে বাংলা বিষয়ের বিকল্প হিসেবে Elective English-এ ন্যূনতম ০৫ নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) পেতে হবে।

  পরীক্ষার্থীকে লিখিত পরীক্ষার অংশে ন্যূনতম ১১ নম্বর পেতে হবে। এর মধ্যে বাংলা অংশে ন্যূনতম ৫ এবং General English-এ ন্যূনতম ৫ পাওয়া আবশ্যক A Level-এর ক্ষেত্রে উল্লিখিত শর্ত সমভাবে প্রযোজ্য হবে।





- **প্রার্থীকে মনে রাখতে হবে যে, প্রতি চারটি ভুল উত্তরের জন্য একটি শুদ্ধ উত্তরের নম্বর কাটা যাবে। অর্থাৎ প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।**
- **প্রার্থী কোনো অবস্থাতেই মোবাইল ফোন, Calculator, বই ও কাগজপত্র (প্রবেশপত্র ছাড়া), ইলেক্ট্রনিক ডিভাইস সংবলিত ঘড়ি ও কলম ইত্যাদি নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবে না।**

## মেধা তালিকা, মেধাস্কোর তৈরির পদ্ধতি ও ভর্তির জন্য মনোনয়ন

- **মেধা তালিকা :** মেধাস্কোরের ভিত্তিতে প্রার্থীদের মেধাতালিকা তৈরি করা হবে। মেধাতালিকা হবে নিম্নরূপ:

  (i) মানবিক শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধাতালিকা

  (ii) বিজ্ঞান শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধাতালিকা; এবং

  (iii) ব্যবসায় শিক্ষা শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধাতালিকা
- **মেধাস্কোর :** মোট ১২০ নম্বরের (MCQ : ৬০, লিখিত : ৪০, মাধ্যমিক / সমমান : ১০, উচ্চ মাধ্যমিক / সমমান : ১০) ভিত্তিতে পরীক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য শিক্ষার্থীদের মাধ্যমিক / সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক / সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল MCQ ও লিখিত অংশ মিলিয়ে ১০০ নম্বরের ভর্তি-পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের ওপর পরীক্ষার্থীর মেধাস্কোর তৈরি করা হবে।
- MCQ অংশে উত্তীর্ণদের মধ্য থেকে কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের নির্ধারিত আসন সংখ্যার **সর্বোচ্চ** পাঁচগুণ শিক্ষার্থীর লিখিত অংশের উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

<u>মেধাতালিকা প্রকাশ ও করণীয়</u>

*** বিশেষভাবে উল্লেখ্য যে, MCQ এবং লিখিত উভয় পরীক্ষা মিলিয়ে সর্বমোট পাশ নম্বর ৪০। ভর্তির উপর্যুক্ত শর্ত সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে কোটাসহ সমভাবে প্রযোজ্য হবে।**

**১২০ নম্বরের বিভাজন সংক্ষেপে নিম্নরূপ :**

❖ মাধ্যমিক / সমমানের বা O Level পরীক্ষায় ১০-এর মধ্যে প্রাপ্ত জিপিএ ভিত্তিক স্কোর।
❖ উচ্চ মাধ্যমিক / সমমানের বা A Level পরীক্ষায় ১০-এর মধ্যে প্রাপ্ত জিপিএ ভিত্তিক স্কোর।
❖ ভর্তি-পরীক্ষায় ১০০ নম্বরে প্রাপ্ত স্কোর।

❖ দুই বা ততোধিক প্রার্থীর মেধাস্কোর অভিন্ন হলে ভর্তি-পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে। এক্ষেত্রে স্কোর সমান পাওয়া গেলে প্রার্থীদের ভর্তি-পরীক্ষায় বাংলা / প্রযোজ্য ক্ষেত্রে Elective English এবং ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড়ের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে। **এরপরও** স্কোর সমান হলে পর্যায়ক্রমে নিম্নলিখিত মানদণ্ডের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে :

  ❖ উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত ;
  ❖ উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ ;
  ❖ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ ; এবং
  ❖ পর্যায়ক্রমে উল্লিখিত মানদণ্ডসমূহ প্রয়োগ করে যদি প্রার্থীদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা না যায় তাহলে কর্তৃপক্ষ অন্য যথার্থ মানদণ্ড প্রয়োগ করে ক্রম নির্ধারণ করবেন ; প্রতিটি ক্ষেত্রেই এই অতিরিক্ত সংখ্যক মানদণ্ড সমভাবে প্রয়োগ করা হবে।

- মেধা তালিকার ভিত্তিতে ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে চূড়ান্ত ভর্তির জন্য মনোনয়ন দেওয়া হবে।

- বিজ্ঞান কিংবা ব্যবসায় প্রশাসনের জন্য বরাদ্দকৃত আসন কোনো কারণে পূরণ করা না গেলে, তা মানবিক শাখার যোগ্য শিক্ষার্থী দ্বারা তা পূরণ করা যাবে।

## ভর্তি-পরীক্ষার ফল

- ভর্তি-পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রমিক তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইট : https://admission.eis.du.ac.bd

## বিভিন্ন বিভাগে ভর্তির ন্যূনতম যোগ্যতা ও আসনসংখ্যা

| বিভাগ | সংশ্লিষ্ট বিষয় (ব্যতিক্রম উল্লেখ করা না হলে উচ্চ মাধ্যমিক পর্যায়ে যে বিষয় বা বিষয়গুলি থাকলে অনার্স নেওয়া যাবে) | বিভাগ / ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত ন্যূনতম গ্রেড, নম্বর ও অন্যান্য যোগ্যতা / শর্ত | আসন সংখ্যা | | | মোট আসন |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | বিজ্ঞান | ব্যবসায় শিক্ষা | |
| বাংলা | | উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় বাংলা বিষয়ে ২০০ নম্বর। ভর্তি-পরীক্ষায় বাংলায় ১৩ নম্বর এবং ইংরেজিতে ১০ নম্বর। | ৮০ | ২৫ | ৫ | ১১০ |
| ইংরেজি | | উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় ইংরেজি বিষয়ে ২০০ নম্বর। IGCSE বা O Level শিক্ষার্থীদের ইংরেজি বিষয়ে ন্যূনতম 'সি' গ্রেড। ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ১৫ নম্বর। | ৯০ | ১৫ | ৫ | ১১০ |
| আরবি | | দাখিল পরীক্ষায় আরবি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড; আলিম / উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আরবি / ইসলামি শিক্ষা / বাংলা / ইংরেজি বিষয় থাকতে হবে। * আরবি বিভাগে ভর্তি হলে মেধাক্রম অনুসারে প্রথম পর্যায়ে সাক্ষাৎকারভুক্ত প্রার্থীরা ব্যতীত অন্য প্রার্থীরা পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না। | ৮০ | ২০ | ০ | ১০০ |
| ফারসি ভাষা ও সাহিত্য | | কোনো শর্ত নেই * ফারসি ভাষা ও সাহিত্য বিভাগে ভর্তি হলে মেধাক্রম অনুসারে প্রথম পর্যায়ের সাক্ষাৎকারভুক্ত প্রার্থীরা ব্যতীত অন্য প্রার্থীরা পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না। | ৬০ | ১০ | ৫ | ৭৫ |
| উর্দু | | কোনো শর্ত নেই *উর্দু বিভাগে ভর্তি হলে মেধাক্রম অনুসারে প্রথম পর্যায়ের সাক্ষাৎকারভুক্ত প্রার্থীরা ব্যতীত অন্য প্রার্থীরা পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না। | ৬০ | ৫ | ৫ | ৭০ |





| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সংস্কৃত | | (ক) মাধ্যমিক পরীক্ষায় সংস্কৃত অথবা হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে 'এ' গ্রেড অথবা বাংলায় 'এ+'; উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সংস্কৃতি বিষয়ে বি+ অথবা বাংলায় 'এ' গ্রেড *সংস্কৃত বিভাগে ভর্তি হলে মেধাক্রম অনুসারে প্রথম পর্যায়ের সাক্ষাৎকারভুক্ত প্রার্থীরা ব্যতীত অন্য প্রার্থীরা পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না। | ৫৫ | ১৫ | ৫ | ৭৫ |
| পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ | | কোনো শর্ত নেই * পালি বিভাগে ভর্তি হলে মেধাক্রম অনুসারে প্রথম পর্যায়ের সাক্ষাৎকারভুক্ত প্রার্থীরা ব্যতীত অন্য প্রার্থীরা পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না। | ৩৫ | ১০ | ৫ | ৫০ |
| ইতিহাস | | ভর্তি-পরীক্ষায় বাংলায় ৯ নম্বর ; ইংরেজিতে ৯ নম্বর। | ৮৫ | ১৮ | ৭ | ১১০ |
| দর্শন | | ভর্তি-পরীক্ষায় বাংলায় ৭ নম্বর ; ইংরেজিতে ৭ নম্বর। | ৯৬ | ১৮ | ৬ | ১২০ |
| ইসলামিক স্টাডিজ | দাখিল/আলিম/উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইসলাম শিক্ষা থাকতে হবে। | | ৯০ | ৫ | ৫ | ১০০ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | | ভর্তি-পরীক্ষায় বাংলায় ৭ নম্বর, ইংরেজিতে ৭ নম্বর। | ৯০ | ১২ | ৮ | ১১০ |
| তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা | | কোনো শর্ত নেই | ৪৫ | ১৫ | ৫ | ৬৫ |
| থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ | | ভর্তি-পরীক্ষা ছাড়াও ৫০ নম্বরের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ২৫ নম্বর। * থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগে ভর্তি হলে মেধাক্রম অনুসারে প্রথম পর্যায়ের সাক্ষাৎকারভুক্ত প্রার্থীরা ব্যতীত অন্য প্রার্থীরা পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না। | ১৩ | ৮ | ৪ | ২৫ |
| ভাষাবিজ্ঞান | | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় বাংলায় ২০০ নম্বর ও ইংরেজিতে ২০০ নম্বর। IGCSE বা O Level শিক্ষার্থীদের ক্ষেত্রে ইংরেজি বিষয়ে ন্যূনতম 'সি' গ্রেড। | ৪৫ | ২০ | ৫ | ৭০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **সংগীত** | | ভর্তি-পরীক্ষা ছাড়াও ৫০ নম্বরের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ২৫ নম্বর। সংগীত বিষয়ে 'আই মিউজ' পরীক্ষায় ন্যূনতম 'সি' গ্রেড প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অগ্রাধিকার দেওয়া হবে। তবে তাদের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। যন্ত্রসংগীত বিষয়ে পড়তে আগ্রহী প্রার্থীদেরকেও ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হবে। * সংগীত বিভাগে ভর্তি হলে মেধাক্রম অনুসারে প্রথম পর্যায়ের সাক্ষাৎকারভুক্ত প্রার্থীরা ব্যতীত অন্য প্রার্থীরা পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না। | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| **বিশ্ব ধর্ম ও সংস্কৃতি** | | কোনো শর্ত নেই | ৪০ | ১৫ | ৫ | ৬০ |
| **নৃত্যকলা** | | ভর্তি-পরীক্ষা ছাড়াও ৫০ নম্বরের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ২৫ নম্বর। সংগীত বিষয়ে 'আই মিউজ' পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হবে। *নৃত্যকলা বিভাগে ভর্তি হলে মেধাক্রম অনুসারে প্রথম পর্যায়ের সাক্ষাৎকারভুক্ত প্রার্থীরা ব্যতীত অন্য প্রার্থীরা পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না। | ২০ | ৫ | ৫ | ৩০ |
| **অর্থনীতি** | অর্থনীতি / গণিত / পরিসংখ্যান / অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল ; GCE-এর ক্ষেত্রে গণিত অথবা অর্থনীতি বিষয় থাকতে হবে। *ইসলামিক অর্থনীতি, গার্হস্থ্য অর্থনীতি প্রভৃতি বিষয়সমূহ অর্থনীতির বিকল্প নয় | মাধ্যমিক পর্যায়ে সাধারণ গণিতে 'এ-' গ্রেড; GCE-এর ক্ষেত্রে General Mathematics 'বি' গ্রেড। | ৫০ | ৭২ | ৮ | ১৩০ |
| **রাষ্ট্রবিজ্ঞান** | | কোনো শর্ত নেই | ৭৫ | ৬০ | ১৫ | ১৫০ |
| **আন্তর্জাতিক** | | কোনো শর্ত নেই | ৪০ | ৩৫ | ৫ | ৮০ |





| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **সম্পর্ক** | | | | | | |
| **সমাজ বিজ্ঞান** | | কোনো শর্ত নেই | ৭৫ | ৬৫ | ১০ | ১৫০ |
| **গণযোগাযোগ ও সাংবাদিকতা** | | ভর্তি-পরীক্ষায় বাংলায়/ইলেকটিভ ইংলিশ ১১ নম্বর, ইংরেজিতে ১১ নম্বর | ৩২ | ২৫ | ৮ | ৬৫ |
| **লোক প্রশাসন** | | ভর্তি-পরীক্ষায় ইংরেজিতে ১৪ নম্বর। | ৩০ | ৩০ | ৩০ | ৯০ |
| **নৃবিজ্ঞান** | | কোনো শর্ত নেই | ২৫ | ২৫ | ৫ | ৫৫ |
| **পপুলেশন সায়েন্সেস** | | কোনো শর্ত নেই | ১৪ | ২৬ | ০ | ৪০ |
| **শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন** | | ভর্তি পরীক্ষায় বাংলায়/ইলেকটিভ ইংলিশ ১২ নম্বর; ইংরেজিতে ১২ নম্বর | ২০ | ১৫ | ৫ | ৪০ |
| **উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ** | | কোনো শর্ত নেই | ১৭ | ২০ | ৩ | ৪০ |
| **উন্নয়ন অধ্যয়ন** | অর্থনীতি / গণিত / পরিসংখ্যান / অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল ; GCE-এর ক্ষেত্রে গণিত অথবা অর্থনীতি বিষয় থাকতে হবে। *ইসলামিক অর্থনীতি, গার্হস্থ্য অর্থনীতি প্রভৃতি বিষয়সমূহ অর্থনীতির বিকল্প নয় | ভর্তি-পরীক্ষার লিখিত অংশে ৪০ নম্বরের মধ্যে ২১ নম্বর। উচ্চ মাধ্যমিক পর্যায়ে পরিসংখ্যান/অর্থনীতি/গণিতে 'এ-' গ্রেড। IGCSE-এর ক্ষেত্রে General Mathematics 'বি' গ্রেড। | ১৫ | ১৯ | ৬ | ৪০ |
| **টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি** | | উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় বাংলা বিষয়ে ২০০ নম্বর এবং ইংরেজি বিষয়ে ২০০ নম্বর। ভর্তি পরীক্ষায় বাংলায় ১০ নম্বর; ইংরেজিতে ১২ নম্বর GCE-র ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য নয়। | ৫ | ১৫ | ১০ | ৩০ |
| **ক্রিমিনোলজি** | | কোনো শর্ত নেই | ১৫ | ৩০ | ৫ | ৫০ |
| **কমিউনিকেশন ডিজঅর্ডারস** | | ভর্তি পরীক্ষায় বাংলায় ৭ নম্বর; ইংরেজিতে ৭ নম্বর উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলায় ২০০ এবং ইংরেজীতে ২০০ নম্বর থাকতে হবে। তবে O-Level এবং A-Level থেকে আগত শিক্ষার্থীদের জন্য তা প্রযোজ্য নয়। তাদের ক্ষেত্রে O-Level / A Level- এ জীববিজ্ঞান / মনোবিজ্ঞানে ন্যূনতম C- গ্রেড থাকতে হবে। মানবিক শাখা থেকে আগত শিক্ষার্থীদের জন্য | ১৫ | ১৫ | ০ | ৩০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | উচ্চমাধ্যমিকে মনোবিজ্ঞান থাকতে হবে। বিজ্ঞান শাখা থেকে আগত শিক্ষার্থীদের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিককে জীববিজ্ঞান থাকতে হবে। | | | | |
| **প্রিন্টিংএন্ড পাবলিকেশন স্টাডিজ** | | কোনো শর্ত নেই | ১০ | ১৫ | ৫ | ৩০ |
| **জাপানিজ স্টাডিজ** | | কোনো শর্ত নেই | ১০ | ৩০ | ১০ | ৫০ |
| **আইন** | | IGCSE বা O Level শিক্ষার্থীদের ইংরেজি বিষয়ে ন্যূনতম 'সি' গ্রেড এবং ভর্তি পরীক্ষায় Elective English-এ ন্যূনতম ২১ নম্বর। ভর্তি-পরীক্ষায় বাংলায় ২১ নম্বর ; ইংরেজিতে ২১ নম্বর ; সাধারণ জ্ঞান ১৮ নম্বর। | ৫৫ | ৩৭ | ১৮ | ১১০ |
| **সমাজকল্যাণ** | | ভর্তি-পরীক্ষায় ইংরেজিতে ১০ নম্বর। * ইংরেজি মাধ্যমে পড়তে হবে। | ৮৫ | ১২ | ৩ | ১০০ |
| **স্বাস্থ্য অর্থনীতি** | | কোনো শর্ত নেই | ৩০ | ৩০ | ০ | ৬০ |
| **শিক্ষা (বি.এড.)** | | ক) ভাষা শিক্ষা : ভর্তি-পরীক্ষায় বাংলায় ১২ নম্বর ; ইংরেজিতে ১২ নম্বর। খ) সামাজিক বিজ্ঞান ও বিশেষ শিক্ষা : ভর্তি-পরীক্ষায় বাংলায় ১০ নম্বর ; ইংরেজিতে ১০ নম্বর। | ৩৪ | ৩০ | ১৫ | ৭৯ |
| **ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ** | | ভর্তি-পরীক্ষায় ইংরেজিতে ১০ নম্বর। | ১০ | ২৫ | ১০ | ৪৫ |
| **আধুনিক ভাষা ইনস্টিটিউট** | | | | | | |
| BA Honours in English for Speakers of Other Languages (ESOL) | | ভর্তি-পরীক্ষায় বাংলায় ১০ নম্বর / Elective English-এ ১৪ নম্বর ; ইংরেজিতে ১৪ নম্বর | ২৩ | ১১ | ৬ | ১৩০ |
| BA Honours in French Language and Culture (FLC). | | ভর্তি-পরীক্ষায় বাংলায় ১০ নম্বর / Elective English-এ ১৪ নম্বর ; ইংরেজিতে ১৪ নম্বর | ১৫ | ১০ | ৫ | |
| BA Honours in Chinese Language and Culture (CLC). | | ভর্তি-পরীক্ষায় বাংলায় ১০ নম্বর / Elective English-এ ১৪ নম্বর ; ইংরেজিতে ১৪ নম্বর | ১৫ | ১০ | ৫ | |
| BA Honours in Japanese Language and Culture (JLC). | | ভর্তি-পরীক্ষায় বাংলায় ১০ নম্বর / Elective English-এ ১৪ নম্বর ; ইংরেজিতে ১৪ নম্বর | ১৫ | ১০ | ৫ | |
| | | **সর্বমোট আসন সংখ্যা** | ১৭৪৪ | ৯০৮ | ২৮২ | ২৯৩৪ |





## সাক্ষাৎকার

- কলা অনুষদের ডিন অফিস কর্তৃক ঘোষিত তারিখে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
- সাক্ষাৎকারের জন্য ছাত্র-ছাত্রীদের অবশ্যই (ক) ভর্তি-পরীক্ষার প্রবেশপত্র ; (খ) মাধ্যমিক / সমমান ও উচ্চ মাধ্যমিক / সমমান পরীক্ষার মূল নম্বরপত্র / ট্রান্সক্রিপ্ট ; এবং (গ) দুই কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি আনতে হবে।
- সাক্ষাৎকারের পূর্বে প্রার্থীকে তার পছন্দ অনুযায়ী বিভাগের নাম অগ্রাধিকার ভিত্তিতে লিখে অনলাইনে একটি 'preference form' পূরণ করতে হবে।
- কেবল মেধাতালিকার ভিত্তিতেই উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। নির্ধারিত আসন সংখ্যার চেয়ে কিছু বেশি সংখ্যক প্রার্থীকে ডাকা হবে এ কারণে যে, কিছু প্রার্থী অনুপস্থিত থাকতে পারে। তবে আসন সংখ্যা পূর্ণ হয়ে গেলে সংশ্লিষ্ট বিভাগ বা বিভাগগুলিতে ভর্তির জন্য সাক্ষাৎকার বন্ধ হয়ে যাবে।
- সাক্ষাৎকারের সময় নির্দিষ্ট বিভাগে ভর্তির জন্য মনোনীত হলে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগের শেষ তারিখ উল্লেখ করে প্রার্থীকে একটি মনোনয়ন ফরম দেওয়া হবে।
- আরবি, ফারসি ভাষা ও সাহিত্য, উর্দু, সংস্কৃত, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ, সংগীত এবং নৃত্যকলা বিভাগের নির্ধারিত আসন সংখ্যা পূরণের জন্য প্রথমে ঘোষিত মেধাক্রম-তালিকার পরেও প্রয়োজনে বেশ কিছু প্রার্থীর সাক্ষাৎকার নেওয়া হতে পারে। কিন্তু এক্ষেত্রে মনে রাখতে হবে, যারা এই সকল বিভাগে ভর্তির শর্ত পূরণ করবে, কেবল তাদের মধ্য থেকেই মেধাক্রম অনুযায়ী সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

## মনোনয়ন প্রাপ্তির পরে প্রার্থীর করণীয়

- প্রার্থীকে ভর্তির ওয়েব সাইটের নির্দেশনা অনুসরণ করতে হবে এবং সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত তারিখের মধ্যে যোগাযোগ করে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে।
- কোনো বিভাগে ভর্তির জন্য মনোনীত হয়ে সেই বিভাগে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি না হলে প্রার্থী ভর্তির সুযোগ হারাবে।
- কোনো বিভাগে ভর্তি হলে সেই বিভাগ যদি প্রার্থীর পছন্দ না হয়, তাহলে পরবর্তীকালে নির্দিষ্ট সময়ের মধ্যে আসন খালি থাকা সাপেক্ষে, ভর্তির ন্যূনতম যোগ্যতায় কোনো ব্যতিক্রম উল্লেখ না থাকলে কিংবা বিভাগীয় শর্ত পূরণ সাপেক্ষে মেধা অনুসারে প্রার্থী বিভাগ পরিবর্তনের (migration) সুযোগ পাবে।
- বিভাগের চাহিদা অনুসারে প্রার্থীকে নিম্নলিখিত কাগজপত্র আনতে হবে :
  - ক. ৮ কপি পাসপোর্ট আকারের সাম্প্রতিককালে তোলা রঙিন ছবি ;
  - খ. মাধ্যমিক / সমমান ও উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র / ট্রান্সক্রিপ্ট এবং দুই কপি করে নম্বরপত্রের / ট্রান্সক্রিপ্টের ফটোকপি ;
  - গ. উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র ও ২ টি ফটোকপি ;
  - ঘ. অভিভাবকের আয়ের সনদপত্র ; এবং
  - ঙ. কলেজ অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র প্রভৃতি।

**ছবি ও ফটোকপিগুলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক সত্যায়ন করবেন।**

---

**বিশেষ দ্রষ্টব্য : ভর্তিসংক্রান্ত নিয়মনীতির যেকোনো ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**